

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ২০টি প্রতিষ্ঠানকে ২.৪৮ লক্ষ টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয় ও ঢাকা বিভাগীয় কার্যালয়ের ৬ জন কর্মকর্তার নেতৃত্বে ২৪ জুন ২০১৬ ঢাকা মহানগরে বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে ঢাকা মহানগরীর মিরপুর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ক্যাফে বন্দর, হিমেল হোটেল এন্ড রেস্তুরেন্ট, বিসমিল্লাহ হোটেল এন্ড রেস্তুরেন্ট ও সদুল্লাহর মিষ্টির ঘরকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে মোট ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমানের নেতৃত্বে ঢাকা মহানগরীর উত্তরা, সেক্টর-৭ এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে কাবাব ফ্যাক্টরীকে ৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার) টাকা ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আমির জেনারেল স্টোরকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুমের নেতৃত্বে ঢাকা মহানগরীর উত্তরা পূর্ব এলাকায় পণ্যের মূল্যে তালিকা প্রদর্শন না করার অপরাধে আফসাল গোস্ব বিতান ও রাশেদ জেনারেল স্টোরকে যথাক্রমে ১,০০০/- (এক হাজার) টাকা ও ২,০০০/- (দুই হাজার) টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য বিক্রয়ের অপরাধে ইনসান গোস্ব বিতান ২,০০০/- (দুই হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে সপ এন সেভকে ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ মোট ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগমের নেতৃত্বে ঢাকা মহানগরীর উত্তরা পশ্চিম এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে নিউ চট্টলা কনফেকশনারী ও ইউসুফ কনফেকশনারী এন্ড জেনারেল স্টোরকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে মোট ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে ঢাকা মহানগরীর মুগদা এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে মামুন মেডিকেলসকে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে কোয়ালিটি সুইচস এন্ড বেকারী ও অনিমা ডির্পার্মেন্টাল স্টোরকে ১০,০০০/- (দশ হাজার) টাকা করে মোট ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ মোট ৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়াও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরীর কাফরোল এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্য মিশ্রণের অপরাধে ভাগ্যকুল মিষ্টান্ন ভান্ডরকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং পণ্যের মূল্যে তালিকা প্রদর্শন না করা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে আরও ৪টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকাসহ মোট ১,০০,৮০০/- (এক লক্ষ আট হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

২৪ জুন ২০১৬ তারিখে ৬টি বাজার তদারকিতে ২০টি প্রতিষ্ঠানকে মোট ২,৪৮,০০০/- (দুই লক্ষ আটচল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, জেলা পুলিশ ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা।
- ৭। পুলিশ সুপার, ঢাকা।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।